

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৯৫৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৭৬]

৪। সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০. রুকু থেকে মাথা তুলে যা বলতে হবে

بَابٌ مَا يَقُولُ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ

আরবী

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ الْمُتَّنِّي، وَابْنُ، بَشَّارٍ قَالَ أَبْنُ الْمُتَّنِّي حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ مَجْزَأَةَ بْنِ زَاهِرٍ، قَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ أَبِي أَوْفَى، يُحَدِّثُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ يَقُولُ "اللَّهُمَّ لَكَ الْحَمْدُ مِلْءُ السَّمَاءِ وَمِلْءُ الْأَرْضِ وَمِلْءُ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدُ اللَّهُمَّ طَهِّرْنِي بِالثَّلْجِ وَالْبَرَدِ وَالْمَاءِ الْبَارِدِ اللَّهُمَّ طَهِّرْنِي مِنَ الذُّنُوبِ وَالْخَطَايَا كَمَا يُنَقِّي الثُّوْبُ الْأَبْيَضُ مِنَ الْوَسَخِ".

বাংলা

৯৫৬-(২০৪/...) মুহাম্মদ ইবনু আল মুসান্না ও ইবনু বাশশার (রহঃ) আবদুল্লাহ ইবনু আবু আওফা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলতেনঃ

"আল্লাহম্মা লাকাল হামদু মিলআস সামা-য়ি ওয়ামিল আল আরয়ি ওয়ামিলুআ মা- শিতা মিন শাইয়িন বাদু, আল্লাহম্মা তাহহিরনী বিস্সালজি ওয়াল বারাদ ওয়াল মা-য়িল বা-রিদি, আল্লাহম্মা তাহহিরনী মিনায় যুনুবি ওয়াল খাতা-য়া- কামা- ইউনাকাস সাওবুল আব্হিয়াযু মিনাল ওয়াসাখ।"

অর্থাৎ "হে আল্লাহ! তোমার জন্য ঐ পরিমাণ প্রশংসা- যা আসমান ও জমিনকে পরিপূর্ণ করে দেয়। অতঃপর তুমি যা চাও তা দিয়ে পরিপূর্ণ করো। হে আল্লাহ! আমাকে বরফ, কুয়াশা এবং ঠাণ্ডা পানি দিয়ে পাকপবিত্র করে দাও। হে আল্লাহ! সাদা কাপড় যেভাবে ময়লা থেকে পরিষ্কার হয়ে ধৰ্বধৰে সাদা হয়ে যায়, আমাকেও তদ্রুপ যাবতীয় গুনাহ থেকে পবিত্র করে দাও।" (ইসলামিক ফাউন্ডেশনঃ ৯৫১, ইসলামিক সেন্টারঃ ৯৬২)

English

Abdullah b. Abu Aufa reported that the Messenger of Allah (ﷺ) used to recite (this supplication):

O Allah! our Lord, unto Thee be praise that would fill the heavens and the earth and fill that which will please Thee besides (them). O Allah! purify me with snow, (water of) hail and with cold water; O Allah. cleanse me from the sins and errors just as a white garment is cleansed from dirt.

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীকৃত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবু আওফা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=47709>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন